গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
লালমাই, কুমিল্লা।

## ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল, লালমাই, কুমিল্লা এর নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : ডা. ফাহমিদা আফরোজ, ইউএলও , লালমাই , কুমিল্লা

সভার তারিখ : ১৪/০৯/২০২২ খ্রি.।

সভার স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।

সময় : বেলা ০৮.০০ ঘটিকা।

**সভার উপস্থিতি পরিশিষ্ট - "ক" দ্রষ্টব্য।**

সভার প্রারম্ভে অংশগ্রহণকৃত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।

সভাপতির অনুমতিক্রমে অত্র দপ্তরের প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা ডা. দোলন দাস, সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ আওতায় করণীয় সম্পর্কে তুলে ধরেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

১. নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভা আয়োজন করতে হবে।
২. সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ত্রৈমাসিক সভা আয়োজন করতে হবে।
৩. শুদ্ধাচার সংক্রান্ত ২টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।
৪. কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভূক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি) করতে হবে।
৫. অর্থবছরের ক্রয় পরিকল্পনা ৩০.০৮.২২ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
৬. সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত ত্রৈমাসিকভাবে সংরক্ষণ করতে হবে।
৭. শুদ্ধাচার/উত্তম চর্চার তালিকা ৩০.০৮.২২ তারিখের মধ্যে প্রস্তুতকরণ ও বিতরণ করতে হবে।
৮. যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিত করতে হবে।।
৯. সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায়, সভাপতি ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডা. ফাহমিদা আফরোজ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লালমাই, কুমিল্লা।

স্মারক নং: ৩৩.০১.১৯১২.০০০.০৬.০০৬.২২. তারিখঃ ১৪/০৯/২০২২ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।
০২। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
লালমাই, কুমিল্লা।

## ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল, লালমাই, কুমিল্লা এর

### সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনে ১ম মতবিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি : ডা. ফাহমিদা আফরোজ, ইউএলও , লালমাই , কুমিল্লা

সভার তারিখ : ১৪/০৯/২০২২ খ্রি.।

সভার স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।

সময় : বেলা ৯.০০ ঘটিকা।

**সভার উপস্থিতি পরিশিষ্ট - "ক" দ্রষ্টব্য।**

সভার প্রারম্ভে অংশগ্রহণকৃত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।
সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২- ২৩ এর কার্যক্রম ১.৩ অনুসারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত অংশীজনের অংশগ্রহণে মতবিনিময় সভা করার বাধ্যবাধকতা রয়েছে। অত:পর সভায় উপস্থিত বিভিন্ন সদস্য, অংশীজন সভায় নিম্নোক্ত আলোচনা ও মতামত পেশ করেন।

আলোচনা ১: সুশাসন প্রতিষ্ঠায় করণীয় সম্পর্কে আলোচনা:
সুশাসন প্রতিষ্ঠায় প্রশাসনিক দক্ষতা একটি গুরুত্বপূর্ণ বিষয় তাদের দক্ষতার উপর নির্ভর করে জনগণকে প্রয়োজনীয় সেবা প্রদান করা। তাই দপ্তরের সকল স্তরের জনবল কে দক্ষতা উন্নয়নের উপর প্রশিক্ষণ প্রদান করতে হবে।

আলোচনা ২: **একতাবদ্ধতা**
সুশাসন প্রতিষ্ঠায় **একতাবদ্ধতা** একটি গুরুত্বপূর্ণ নিয়ামক। দপ্তরের সকল স্তরের কর্মকর্তা কর্মচারীকে **একতাবদ্ধতা** হয়ে একটি টিমে কাজ করার মানসিকতা গড়ে তুলতে হবে। তাহলে প্রত্যেক কাজে সফলতা অর্জন করা সম্ভবপর হবে।

আলোচনা ৩ : **স্বচ্ছতা ও জবাবদিহিতা**
সুশাসন প্রতিষ্ঠায় **স্বচ্ছতা ও জবাবদিহিতা** অত্যন্ত গুরুত্বপূর্ণ । দপ্তরের সকল কাজকর্মে এই দুইটি বিষয় নিশ্চিত করা গেলে সেবাগ্রহীদের নিকট আস্থার একটি বড় জায়গা তৈরি হবে এবং দপ্তরের ভাবমূর্তি বৃদ্ধি সহ সুনাম অর্জনের সক্ষম হবে। তাই দায়য়ত্বশীল সকলকে স্বচ্ছতা- জবাবদিহিতা নিয়ে প্রয়োজনীয় কাজ সম্পন্ন করতে হবে।

আলোচনা ৪ : **তথ্যপ্রাপ্তির অধিকার**
সুশাসন প্রতিষ্ঠায় আরেকটি গুরুত্বপূর্ণ নিয়ামক। তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণে **তথ্য অধিকার আইন -২০০৯** অনুসারে তথ্য প্রদান নিশ্চিতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আলোচনা ৫ : মাসিক / ত্রৈমাসিক রিপোর্ট প্রেরণ সম্পর্কিত:
সকল প্রকার মাসিক / ত্রৈমাসিক রিপোর্ট যথা সময় প্রস্তুত এবং প্রেরণ করার জন্য দপ্তরের সংশ্লিষ্ট সকলে যথাযথ কার্যক্রম গ্রহণ করবেন এবং নির্ভুল তথ্য প্রেরণ নিশ্চিত করবেন।

সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডা. ফাহমিদা আফরোজ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লালমাই, কুমিল্লা।

স্মারক নং: ৩৩.০১.১৯১২.০০০.০৬.০০৬.২২. তারিখঃ ১৪/০৯/২০২২ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।
০২। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
লালমাই, কুমিল্লা।

## ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল, লালমাই, কুমিল্লা এর
### ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ১ম অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি : ডা. ফাহমিদা আফরোজ, ইউএলও , লালমাই , কুমিল্লা

সভার তারিখ : ১৪/০৯/২০২২ খ্রি.

সভার স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।

সময় : বেলা ১০.০০ ঘটিকা।

**সভার উপস্থিতি পরিশিষ্ট - "ক" দ্রষ্টব্য।**

সভার প্রারম্ভে অংশগ্রহণকৃত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।
বিগত সময়ের সব হিসাব-নিকাশ বাতিল করে আমাদের দরজায় এখন যে শিল্পবিপ্লবটি কড়া নাড়ছে, সেটি হচ্ছে কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক চতুর্থ শিল্পবিপ্লব, যার গতির দৌড় কল্পনার চেয়েও বেশি। চতুর্থ শিল্পবিপ্লবটির ভিত হচ্ছে 'জ্ঞান এবং কৃত্রিম বুদ্ধিমত্তা'ভিত্তিক কম্পিউটিং প্রযুক্তি। রোবটিক্স, আইওটি, ন্যানো প্রযুক্তি, ডেটা সায়েন্স ইত্যাদি প্রযুক্তি প্রতিনিয়ত চতুর্থ শিল্পবিপ্লবকে নিয়ে যাচ্ছে অনন্য উচ্চতায়। ইন্টারনেট প্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা আর মেশিন লার্নিংয়ের কল্যাণে এখন যে বিপ্লব শুরু হয়েছে তাকেই বলে চতুর্থ শিল্পবিপ্লব।

অত:পর চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় সভায় উপস্থিত বিভিন্ন সদস্য, অংশীজন নিম্নোক্ত মতামত পেশ করেন।
১। সব শ্রেণি ও পেশার মানুষের মধ্যে চতুর্থ শিল্পবিপ্লববিষয়ক ধারণা প্রদান এবং চতুর্থ শিল্পবিল্পবের সঙ্গে সম্পর্কিত অগ্রসরমান প্রযুক্তি সম্পর্কে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্যাপক প্রচার করতে হবে।
২। এক গবেষণা অনুযায়ী, আগামী দুই দশকের মধ্যে মানবজাতির ৪৭ শতাংশ কাজ স্বয়ংক্রিয় কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন যন্ত্রের মাধ্যমে হবে। ২০৩০ সাল বছরটি আমাদের সর্বোচ্চ কর্মক্ষম মানুষের দেশ (১৫ থেকে ৬৪ বছর ) হওয়ার বছর। এ সুযোগকে আমরা বলি 'গোল্ডেন অপরচুনিটি ফর বাংলাদেশ'। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় এ গোল্ডেন অপরচুনিটিকে কাজে লাগানোর জন্য এখনই দেশের চাহিদা ও প্রযুক্তিভিত্তিক মানব সম্পদ গড়ে তুলতে হবে।
৩। সক্ষমতা বৃদ্ধির জন্য কর্মকর্তা/ কর্মচারীদের ক্লাউড সার্ভার, ইন্টারনেট অব থিংস এবং কৃত্রিম বুদ্ধিমত্তাবিষয়ক প্রশিক্ষণ এর আওতায় আনতে হবে।
৪। সকল দপ্তর/সংস্থার চাহিদা অনুযায়ী চতুর্থ শিল্পবিপ্লবের উপযোগী দ্রুত বাস্তবায়নযোগ্য একটি প্রকল্প পাইলটিং আকারে বাস্তবায়ন করতে হবে। পরবর্তীকালে পাইলট প্রকল্পের কার্যকারিতা বিবেচনায় তা সম্প্রসারিত আকারে বাস্তবায়ন করা এবং সেই অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে নতুন নতুন উদ্যোগ গ্রহণ করা
৫। প্রয়োজন।চতুর্থ শিল্পবিপ্লবের নেতিবাচক দিক মোকাবিলা করে এর সুযোগ কাজে লাগানোর নিমিত্ত প্রাণিসম্পদ সেক্টরে উদ্ভাবনমূলক কর্মপদ্ধতি ডিজাইন এবং চালু করতে হবে। সরকারী – বেসরকারী কোম্পানি, নাগরিক সমাজ, যুবসমাজ, উদ্যাক্তা, রাজনীতিবিদ, নবিন-উদ্যাগ এবং সমাজের সব স্তরের বিশেষজ্ঞদের নিয়ে সম্মিলিতভাবে কাজ করতে হবে।
৬। কেবল পরিকল্পনার মধ্যে সীমাবদ্ধ না থেকে অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি আমাদের প্রাণিসম্পদ খামারীদের যথাযথভাবে প্রস্তুত করতে হবে। আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, আইওটি প্রযুক্তি কাজে লাগিয়ে খামার ব্যবস্থাপনা, পণ্য সরবরাহ, প্রাণিচিকিৎসা ক্ষেত্রে চতুর্থ বিপ্লবের সুযোগ কাজে লাগানোর জন্য আরও গভীরভাবে ভাবতে হবে।

সভায় গঠনমূলক মতামত প্রদান করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডা. ফাহমিদা আফরোজ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লালমাই, কুমিল্লা।

স্মারক নং: ৩৩.০১.১৯১২.০০০.০৬.০০৭.২২.১৪৮
তারিখঃ ১৪/০৯/২০২২ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।
০২। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
লালমাই, কুমিল্লা।

২০২২-২০২৩ অর্থ বছরে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনদের
১ম অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ ডা. ফাহমিদা আফরোজ, ইউএলও , লালমাই , কুমিল্লা

সভার তারিখ ঃ ১৪/০৯/২০২২ খ্রি. ।

সভার স্থান ঃ উপজেলার প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ ।

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা ।

**সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত**

সভাপতি, সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিযয়ে সভার কার্যাবলী শুরু করেন ।
অতঃপর তিনি জনবান্ধব ও সেবামুখী প্রাণিসম্পদ দপ্তর গড়ে তোলার জন্য অভিযোগ পত্রিকার ব্যবস্থার গুরুত্ব তুলে ধরেন।
সভাপতি মহোদযয়ের অনুমতিক্রমে, এপিএ টিমের সদস্য সচিব সভায় উপস্থিত সকলের নিকট সভা আহ্বানের উদ্দেশ্য বর্ণনা করেন । এরপর সেবাগ্রহীতা / অংশীজনদের কাছ থেকে এ বিষয়ে মতামত আহবান করা হয়।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:-

১. ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সেবা বক্স নিয়মিত হালনাগাদ করতে হবে।
২. নাগরিক সেবাকে সহজ করার জন্য উদ্ভাবনী উদ্যোগ কাজে লাগাতে হবে।
৩. সেবা গ্রহণকারীদের অসন্তোষের বিষয়গুলি চিহ্নিত করে তা নিরসনের ব্যবস্থা করতে হবে।
৪. অভিযোগ ও পরামর্শ বক্সে প্রাপ্ত অভিযোগ ও পরামর্শ সমূহ স্বল্প সময়ের মধ্যে নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।
পরিশেষে সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডা. ফাহমিদা আফরোজ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লালমাই, কুমিল্লা ।

স্মারক নং-৩৩.০১.১৯১২.০০০.০৬.০০৮.২২. তারিখঃ ১৪/০৭/২০২২ খ্রি.
অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা , কুমিল্লা।
২। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
লালমাই, কুমিল্লা।

বিষয় : সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | ডা. ফাহমিদা আফরোজ, ইউএলও , লালমাই , কুমিল্লা |
| সভার তারিখ | ঃ | ১৪/০৯/২০২২ খ্রি. । |
| সভার স্থান | ঃ | উপজেলার প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ । |
| সময় | ঃ | বেলা ১২.০০ ঘটিকা । |

**সভার উপস্থিতি পরিশিষ্ট - "ক" দ্রষ্টব্য ।**

সভার শুরুতে সভাপতি অংশগ্রহনকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । অতঃপর সভাপতি বলেন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর যে সকল সেবা প্রদান করে থাকে তা সিটিজেন চার্টার বা সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রদান করা হচ্ছে কিনা সেটি নিয়ে আলোচনা করার নিমিত্তে সভার আয়োজন করা হয়েছে।
এ বিষয়ে অত্র দপ্তরের প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা কে দপ্তরের সিটিজেন চার্টার উপস্থাপন করার জন্য আহবান করা হয় । সে প্রেক্ষিতে বর্ণিত কর্মকর্তা উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল , লালমাই , কুমিল্লার সেবা প্রদান প্রতিশ্রুতি উপস্থাপন করেন। তিনি বলেন অত্র দপ্তর হতে ১১ ধরনের নাগরিক সেবা, ২ ধরনের দাপ্তরিক সেবা এবং ৪ ধরনের অভ্যন্তরীণ সেবা প্রদান করা হয়ে থাকে। উক্ত সেবা প্রদানে কি কি ডকুমেন্ট প্রয়োজন হয় এবং কত সময়ের মধ্যে সেবা প্রদান করা হয় তা উপস্থাপন করা হয়।

অত্র দপ্তরের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রধান সেবা গ্রহণ ইত্যাদি বিষয়ে উপস্থিত সদস্যদের সাথে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

১.সিটিজেন চার্টার এ বর্ণিত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।
২.মন্ত্রীপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
৩.সিটিজেন চার্টারে বর্ণিত নিয়ম অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে কিনা তা ত্রৈমাসিক ভিত্তিতে ১ বার পরিবীক্ষণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

ডা. ফাহমিদা আফরোজ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লালমাই, কুমিল্লা।

স্মারক নং-৩৩.০১.১৯১২.০০০.০৬.০০৯.২২. তারিখঃ ১৪/০৭/২০২২ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।
০২। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
লালমাই, কুমিল্লা।

## ২০২২-২০২৩ অর্থ বছরে তথ্য অধিকার বিষয়ে সচেতনতা বিষয়ক ১ম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ডা. ফাহমিদা আফরোজ, ইউএলও , লালমাই , কুমিল্লা |
| সভার তারিখ | : | ১৪/০৯/২০২২ খ্রি.। |
| সভার স্থান | : | উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ। |
| সময় | : | বেলা ০২.০০ ঘটিকা। |

**সভার উপস্থিতি পরিশিষ্ট - "ক" দ্রষ্টব্য।**

সভাপতি, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । পরিচয়পর্ব শেষে অংশীজনদের সাথে সভা করার উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা তুলে ধরেন। তিনি বলেন ,তথ্য অধিকার আইন- ২০০৯ একটি বিশেষ সরকারি আইন । আইনটির বিষয়ে ধারণা দেওয়ার জন্য আজকের এই সচেতনতা সভার আয়োজন করা হয়েছে।

সভাপতি, বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা কে বিস্তারিত আলোচনার জন্য আহ্বান জানান। অতঃপর বর্নিত কর্মকর্তা, তথ্য অধিকার আইন- ২০০৯ এর বিষয়ে তথ্য কমিশন যে যে নির্দেশনা প্রদান করেছেন সেগুলো তুলে ধরেন।


সভায় , উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (প্রাণিস্বাস্থ্য), জনাব আবদুর রহিম বলেন, বর্তমান সরকার অফিস পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা আনার জন্য অনেক উদ্যোগ গ্রহণ করেছে যেমন এপিএ, শুদ্ধাচার , ই গভর্নেন্স , ইনোভেশন, তথ্য অধিকার আইন -২০০৯ ইত্যাদি । বাৎসরিক ভাবে এই সমস্ত কার্যক্রম এর মূল্যায়ন করা হয় বিধায় এসব কার্যক্রমের গুরুত্ব অনেক বেশি।

সভায়, উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (কৃত্রিম প্রজনন), জনাব মাহবুবুল হক জানান যে , তথ্য অধিকার আইনের সকল প্রকাশযোগ্য তথ্য ওয়েবসাইটে দেওয়া থাকে । আপনারা ওয়েবসাইট থেকে প্রয়োজনীয় তথ্য নিতে পারেণ। এতে সময় ও অর্থ সাশ্রয় হবে। তিনি আরও বলেন, আপনার বন্ধু-বান্ধব ,অফিস কলিগ, আত্মীয়-স্বজনকে বিষয়টি সম্পর্কে অবহিত করবেন, তাহলে তারা উপকৃত হবে।

সভায় অংশগ্রহণকারী খামারী জনাব মো. রুহুল জানান, এই বিষয়ে আইন হয়েছে সেটা জানতাম, কিন্তু এসব তথ্য চাওয়া যাবে তা জানা ছিলো না। আজকের সভায় সেটি জেনে উপকৃত হলাম।

পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে কোন তথ্য জানার জন্য দপ্তরের ওযয়বসাইটে ঢুকে সেবা নেওয়ার অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ডা. ফাহমিদা আফরোজ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লালমাই, কুমিল্লা।

স্মারক নং: ৩৩.০১.১৯১২.০০০.০৬.০১০.২১. তারিখঃ ১৪/০৯/২০২২ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা , কুমিল্লা।
০৩। সংশ্লিষ্ট নথি।